

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
গবেষণা শাখা
ঢাকা

নং-পম/গবেষণা/বিআইআইএসএস/(ভিজিট)-০১(অংশ-১)/২০১৬/

তারিখঃ ১৬ সেপ্টেম্বর ২০১৮

প্রেরক : এস, এম, মাহবুবুল আলম
পরিচালক (গবেষণা)

প্রাপক : উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)
১/৪৬ পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।

বিষয় : বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর চেয়ারম্যান, রাষ্ট্রদূত মুন্সী ফয়েজ আহমদের অনুকূলে সিঙ্গাপুর সফরের জন্য সরকারী মঞ্জুরী জ্ঞাপন প্রসঙ্গে।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর চেয়ারম্যান, রাষ্ট্রদূত মুন্সী ফয়েজ আহমদ-এর অনুকূলে আগামী ২০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সিঙ্গাপুরে অনুষ্ঠিতব্য 4th Myanmar-Bangladesh Experts Meeting -এ যোগদানের জন্য সিঙ্গাপুরে সরকারী সফরের মঞ্জুরী জ্ঞাপন করছে।

০২। সফরের শর্তাবলী নিম্নরূপঃ

ক) উক্ত সফরকালীন সময়ে তিনি সরকারী কাজে নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং বিধি অনুযায়ী পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। তবে বেতন/ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

খ) তিনি ১৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে অথবা নিকটবর্তী সময়ে সিঙ্গাপুর-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২১ সেপ্টেম্বর ২০১৮ তারিখে অথবা নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করতে পারেন। উক্ত সফরে চেয়ারম্যান মহোদয়ের পত্নী মিসেস ফাহিমদা লাজুল আহমদ তাঁর সফরসঙ্গী হবেন এবং তিনি ব্যক্তিগতভাবে স্ত্রীর সফর সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার বহন করবেন।

গ) বর্ণিত সফরে Centre for Humanitarian Dialogue (HD), Singapore কর্তৃক বিমান ভাড়া, আহার, আবাসন এবং স্থানীয় পরিবহন ব্যয়ভার বহন করা হবে। এ ছাড়াও বর্ণিত কর্মকর্তা বহির্গমনের জন্য নির্ধারিত হারে টার্মিনাল চার্জ এবং ট্রানজিট ভাতা ও অন্যান্য ভাতা প্রাপ্য হবেন যা BISS-এর সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা যেতে পারে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আপনার একান্ত,

(এস, এম, মাহবুবুল আলম)
পরিচালক (গবেষণা)
ফোন-৯৫৫৪১১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ০১। রাষ্ট্রদূত মুন্সী ফয়েজ আহমদ, চেয়ারম্যান, বিআইআইএসএস, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক (গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ০৭। এয়ারপোর্ট ম্যানেজার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৮। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৯। সিনিয়র সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। অফিস কপি।

(এস, এম, মাহবুবুল আলম)
পরিচালক (গবেষণা)
ফোন-৯৫৫৪১১৫

16/09/2018